

পরমাণু বিদ্যুৎ বিরোধী প্রচার আন্দোলন

চের্নোবিল দিবস উপলক্ষে পথসভা।

স্থান: মেট্রো চ্যানেল। তারিখ ও সময়: ২৬ এপ্রিল ২০১০, বিকেল ৪টে থেকে সন্ধ্যা ৮টা।

সাথি,

দেশের সরকার উন্নতির নামে যে সমস্ত নীতি গ্রহণ করেছে, সেগুলির প্রায় সবগুলিই মানুষ ও পরিবেশের কল্যাণের পরিপন্থী। এই রকমই একটি নীতি হল, শক্তি স্বনির্ভরতার অজুহাতে পারমাণবিক বিদ্যুতের সম্প্রসারণ নীতি। যা অত্যন্ত দুঃখজনক তা হল, কেন্দ্রের প্রধান বিরোধী দলগুলিও সরকারের এই নীতিকে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সমর্থন করেছে। পারমাণবিক বিদ্যুতের সম্প্রসারণকে সুনিশ্চিত করতে কেন্দ্রীয় সরকার *সিভিল লায়াবিলিটি ফর নিউক্লিয়ার ড্যামেজ বিল, ২০১০* নামে একটি বিল সংসদে পেশ করতে চলেছে যার লক্ষ্য হল পরমাণু চুল্লি দুর্ঘটনার আর্থিক দায়বদ্ধতা হ্রাস।

আগামী ২৬ এপ্রিল ২০১০ চের্নোবিল দিবস উপলক্ষে, ‘পরমাণু বিদ্যুৎ চাইনা’ এবং ‘সিভিল লায়াবিলিটি ফর নিউক্লিয়ার ড্যামেজ বিল, ২০১০ বাতিল করো’ এই দাবিতে, এসপ্ল্যান্ড ইন্স্ট (মেট্রো চ্যানেল) বিকেল চারটে থেকে সন্ধ্যা আটটা অবধি আমরা উপস্থিত থাকব এবং প্রচার চালাব। আপনার উপস্থিতি জরুরি।

পরমাণু বিদ্যুৎ বিরোধী প্রচার আন্দোলনের পক্ষে

বঙ্কিম দত্ত

মেহের ইঞ্জিনিয়ার

১৯.০৪.২০১০